| Surname | | Other Names | |
|---|---|---|---|
| Centre Number | | Candidate Number | |
| Candidate Signature | | | |

| Leave blank |
|---|
| |

General Certificate of Secondary Education
June 2004

**BENGALI** **3636/LH**
**Listening Test**
**Higher Tier**

H

Wednesday 26 May 2004 1.30 pm to 2.15 pm approximately
(including reading time)

**No additional materials are required.**

Time allowed: 40 minutes approximately
+ five minutes reading time before the test.

**Instructions to candidates**

- Use blue or black ink or ball-point pen.
- Fill in the boxes at the top of this page.
- Before the tape is started, you will be allowed **five** minutes during which you may read through the questions. You may make notes in this time.
- **Do not open this book until you are told to do so.**

- This is what you should do for each item.
- Read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- Your teacher will pause the tape when you hear the tone, after the second hearing of each item, to give you time to write. You may write at any time during the test.
- In **Section A** answer the questions in **Bengali.**
- In **Section B** answer the questions in **English.**
- Write neatly and put down **all** the information you are asked to give.
- Ask any questions now. **There must be no questions or interruptions during the test.**

**Information for candidates**

- Mark allocations are shown in brackets.
- The maximum mark for this paper is **40**.
- You are **not** allowed to use a dictionary at any time during this test.

| For Examiner's Use | | | |
|---|---|---|---|
| Page | Mark | Page | Mark |
| 2 / 3 | | | |
| 4 / 5 | | | |
| 6 / 7 | | | |
| 8 / 9 | | | |
| 10 | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| Total (Column 1) → | | | |
| Total (Column 2) → | | | |
| TOTAL | | | |
| Examiner's Initials | | | |

## ক বিভাগ


### প্রশ্নের উত্তর বাংলায় দিতে হবে

**শখ**


ছাত্রছাত্রীরা তাদের কি শখ আছে, তা বলছে।

১. কার কি শখ? নামের পাশে বাক্সে ঠিক অক্ষর লেখো।

ক




খ



গ



ঘ




ঙ



চ



ছ



| নাম | শখ | |
|---|---|---|
| জুলি | ক | উদাহরণ |
| আয়শা | | |
| ডোরাস | | |
| শাহরিয়ার | | |

*(3 marks)*

LEAVE MARGIN BLANK

**হারিয়ে গেছে**

জন্মদিনের পার্টিতে তোমার বান্ধবীর একটা জিনিস হারিয়ে গেছে।

২. জিনিসটা দেখতে কেমন? দুটি বিষয় লেখো।

..........................................................................................



..........................................................................................

*(2 marks)*

**বিমানবন্দর**

তুমি একটা ঘোষণা শুনছো।

৩. কারা আগে যেতে পারবে? বাক্সে ঠিক অক্ষর লেখো।

| ক | খ | গ | ঘ |
|---|---|---|---|
|  |  |  |  |

☐

*(1 mark)*

**TURN OVER FOR THE NEXT QUESTION**

6

**Turn over ▶**

LEAVE MARGIN BLANK

## খাবার

তোমার বন্ধুরা নানা রকমের খাবার নিয়ে কথা বলছে।

৪. এসব খাবার তারা কেন খায় না? নামের পাশে ঠিক অক্ষর লেখো।

দাঁতে ব্যথা লাগে (ক)
মোটা হয়ে যাবে (খ)
গলায় কাঁটা লাগবে (গ)
গন্ধ ভালো লাগে না (ঘ)
শরীর খারাপ করে (ঙ)
দাম বেশি (চ)

| | |
|---|---|
| হাসান | ক |
| শিপনা | |
| রাজা | |
| ওলিফা | |

উদাহরণ

*(3 marks)*

LEAVE MARGIN BLANK

## সিনেমা দেখা

তোমরা বাংলার টিচারের সাথে ‘দেবদাস’ ছবি দেখেছো।

৫. দেবদাস ছবি সম্পর্কে কার কি মত?

| | |
|---|---|
| খুব ভালো হিন্দী ছবি | (ক) |
| দুঃখের ছবি | (খ) |
| প্রেমের ছবি | (গ) |
| অনেক নাচ-গান আছে | (ঘ) |
| হাসির ছবি | (ঙ) |
| গোয়েন্দা কাহিনী | (চ) |

| নাম | মত | |
|---|---|---|
| হেনা | **ক** | উদাহরণ |
| ফয়সল | | |
| সাবানা | | |
| ফারহানা | | |

*(3 marks)*

## চিঠি

মিনার চিঠি এসেছে।

৬. মিনার মন খারাপ কেন?

..........................................................................................................................................

*(1 mark)*

৭. মিনা ফরহাদকে কি করতে বলেছে?

..........................................................................................................................................

*(1 mark)*

8

**Turn over ▶**

**পার্ট টাইম কাজ**

তুমি রেডিও শুনছো।

৮. এই বিজ্ঞাপনটা কাদের জন্যে?

..........................................................................................................................................

*(1 mark)*

৯. তাদের কোনদিন সন্ধ্যা বেলায় কাজ করতে হবে?

..........................................................................................................................................

*(1 mark)*

১০. শাড়ি বিক্রি করা ছাড়া তাদের আর কি করতে হবে? দুটি কাজের কথা লেখো।

..........................................................................................................................................

..........................................................................................................................................

*(2 marks)*

LEAVE MARGIN BLANK

**রাস্তা পার হওয়া**

তুমি আরও রেডিও শুনছো।

১১. শূন্যস্থান পূরণ করো। ঠিক জায়গায় ঠিক অক্ষর লেখো।

উদাহরণ

| | |
|---|---|
| রাস্তা | ক |
| দেখুন | খ |
| দাঁড়ান | গ |
| নিরাপদ | ঘ |
| পার | ঙ |
| গাড়ি | চ |

সাবধান!

যে কোনো ক ............ দেখেশুনে পার হন। রাস্তা ............ হওয়ার আগে

- ট্রাফিক লাইট অথবা রাস্তা পার হবার জায়গায় এসে ............ ।
- ভালো করে রাস্তার দু দিক .............. ।

*(3 marks)*

**TURN OVER FOR THE NEXT QUESTION**

7

**Turn over**

LEAVE MARGIN BLANK

**বিদেশ ভ্রমণ**

তুমি ট্র্যাভেল কম্পানির বিজ্ঞাপন শুনছো।

১২. এটা কোন দেশে যাওয়ার বিজ্ঞাপন?

..................................................

*(1 mark)*

১৩. এখানে ভ্রমণকারীরা নানা রকমের খাবার খেতে পারে। এ ছাড়া আর কোন অভিজ্ঞতা লাভ করতে পারে? বাক্সে ঠিক অক্ষর লেখো।

| | |
|---|---|
| পাহাড়ে ওঠা | (ক) |
| নানা রঙের পোশাক পরা মানুষ দেখা | (খ) |
| রিকশায় চড়া | (গ) |
| ঝড় ও বৃষ্টি | (ঘ) |

☐

*(1 mark)*

১৪. ওখানে গেলে তুমি কোন দুটি জিনিস সবচেয়ে বেশি উপভোগ করতে পারবে?

..................................................

..................................................

*(2 marks)*

LEAVE MARGIN BLANK

**রাজিয়া সুলতানা**

তুমি রেডিও শুনছো। রাজিয়া সুলতানার সাথে কথা বলছেন মাহবুব হোসেন।

১৫. রাজিয়ার পেশা কি ছিলো?

..........................................................................................................................

*(1 mark)*

১৬. আলেকসি তার কি উপকার করে?

..........................................................................................................................

*(1 mark)*

তুমি রাজিয়া সুলতানার কথা শুনছো।

১৭. রাজিয়া গর্ব বোধ করছেন কেন?

..........................................................................................................................

*(1 mark)*

তুমি রাজিয়ার আরও কথা শুনছো।

১৮. বিমান ছাড়ার আগে রাজিয়ার মনের অবস্থা কেমন হয়েছিলো? কেন?

..........................................................................................................................

..........................................................................................................................

*(2 marks)*

তুমি রাজিয়ার আরও কথা শুনছো।

১৯. সারগেইর চেহারা কেমন? চেহারার দুটি বিষয় লেখো।

..........................................................................................................................

..........................................................................................................................

*(2 marks)*

11

LEAVE MARGIN BLANK

## SECTION B

Questions and answers in **English**.

A Programme on Forest Fires.

You are listening to the radio.

**20** Explain the natural causes of forest fires. Mention **three** things.

1 ..........

2 ..........

3 ..........

*(3 marks)*

**21** What was suspected about the forest fires near Sydney?

..........

*(1 mark)*

**22** How does the news about the American National Park fire make you feel?

..........

*(1 mark)*

**23** How do forest fires help our environment? Mention **two** things.

1 ..........

2 ..........

*(2 marks)*

**24** What do you learn about creation and destruction from this part of the programme?

..........

*(1 mark)*

**END OF TEST**

—
*8*

LEAVE
MARGIN
BLANK

**THERE ARE NO QUESTIONS PRINTED ON THIS PAGE**

**THERE ARE NO QUESTIONS PRINTED ON THIS PAGE**

Copyright © 2004 AQA and its licensors. All rights reserved.

# FOR INVIGILATOR'S USE ONLY

General Certificate of Secondary Education
June 2004

**BENGALI** **3636/LH/T**
**Listening Test Transcript**
**Higher Tier**

**FOR INVIGILATOR'S USE ONLY**

Wednesday 26 May 2004 1.30 pm to 2.15 pm approximately (including reading time).

Time allowed: 40 minutes approximately + five minutes reading time before the test.

- This is what you should do for each item.
- Read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- Your teacher will pause the tape when you hear the tone, after the second hearing of each item, to give you time to write. You may write at any time during the test.
- In **Section A** answer the questions in **Bengali.**
- In **Section B** answer the questions in **English.**
- Write neatly and put down **all** the information you are asked to give.
- Ask any questions now. **There must be no questions or interruptions during the test.**
- **The test starts now.**

## ক বিভাগ প্রশ্ন ও উত্তর বাংলায়

**প্রশ্ন ১**

টীচার: আজ আমরা শখ সম্বন্ধে কথা বলবো। শখের ইংরেজি শব্দ হলো হবি। জুলি, তোমার কি শখ আছে?

জুলি: আমি মাছ ধরতে ভালোবাসি।

টীচার: আয়শা, তোমার কোনো শখ আছে?

আয়শা: হ্যাঁ, মিস, আমি নাটক করতে ভালোবাসি।

টীচার: ডোরাস, তুমি কিছু বলবে?

ডোরাস: আমি ডাকটিকিট জমাই। আমার কাছে অনেক দেশের ডাকটিকিট আছে। শাহরিয়ারের কি শখ আছে, জানেন? সে পাখি পোষে।

**প্রশ্ন ২**

- আমার ঘড়িটা কোথাও হারিয়ে গেছে। এখানেই কোথাও পড়ে গেছে। তুমি দেখেছো, মুশেল?
- না। তোমার ঘড়িটা কি রকম দেখতে, বলো তো!
- গোল, সোনালি রং, আর চামড়ার বেল্ট লাগানো।
- ঠিক আছে। আমি খুঁজে পেলো তোমাকে দেবো।

**প্রশ্ন ৩**

ঢাকার যাত্রীদের জন্যে একটি ঘোষণা। দয়া করে মন দিয়ে শুনুন। আজ রাতে ব্রিটিশ এয়ারওয়েজের বিমান ছাড়বে না। কারণ খুব কুয়াশা পড়েছে। আমরা দুঃখিত। আশা করি, কাল সকালে বিমান ছাড়বে। যাঁদের সাথে ছোটো ছেলেমেয়ে আছে, তাঁরা আগে যেতে পারবেন।

**প্রশ্ন ৪**

শিপনা: হাসান, তোমার কোন খাবারে সমস্যা আছে?

হাসান: আমি আপেল খেতে পারি না, কারণ দাঁতে ব্যথা লাগে। শিপনা, তুমি সব খাবার খাও?

শিপনা: না, আমি মাছ খাই না। কারণ ভয় লাগে, হয়তো গলায় কাঁটা লাগবে।

রাজা: ওলিফা, তুমি সব কিছু খাও?

ওলিফা: আমি ভাত খাই না। মা বলে, 'ভাত খেলে তুমি মোটা হয়ে যাবে।' রাজা, তুমি নিশ্চয় সবকিছু খাও!

রাজা: আমি ডিম ভালোবাসি না। ডিমের গন্ধ আমার ভালো লাগে না। আমি কলা খেতে খুব ভালোবাসি।

**প্রশ্ন ৫**

হেনা: কি খবর, ফয়সল?

ফয়সল: আরে হেনা! তোমার কেমন লাগলো 'দেবদাস'?

হেনা: খুব ভালো হিন্দী ছবি হয়েছে। তোমার কেমন লাগলো?

ফয়সল: দুঃখের ছবি। সাবানা, তোমার কি মত?

সাবানা: অনেক নাচ আর গান আছে। আমার খুব ভালো লেগেছে।

হেনা: তোমার কি মত, ফারহানা।

ফারহানা: আমি প্রেমের ছবি ভালোবাসি। দেবদাস একটা খুব ভালো প্রেমের ছবি। গল্পটা কিন্তু বাংলায় লেখা। আমি বইটা পড়বো।

**প্রশ্ন ৬ এবং ৭**

- কার চিঠি এসেছে?
- মিনার। আমাকে লিখেছে।
- কি লিখেছে। একটু পড়ে শোনাও আমাকে!
- পড়ছি, শোনো।

প্রিয় ভাইয়া,

আমার সালাম নিও। তিনদিন আগে তোমার চিঠি পেয়েছি। তুমি জানতে চেয়েছো এবার ঈদের সময়ে বাড়ি আসতে পারবো কিনা। ঈদের সময়ে আমার ইউনিভার্সিটি খোলা থাকবে। খুব ব্যস্ত থাকবো। এই কারণে বাড়ি আসতে পারবো না। মনটা খুব খারাপ লাগছে। সবার সাথে দেখা হবে না। আমি জানি, ঈদের সময়ে তোমরা সবাই খুব আনন্দ করবে। ফরহাদ কেমন আছে? ফরহাদকে বোলো মন দিয়ে লেখাপড়া করতে।

তোমাদের কুশল কামনা করছি। আমার জন্যে দোয়া কোরো।

ইতি

তোমার স্নেহের ছোটোবোন

মিনা

প্রশ্ন ৮ – ১০

রেশমি শাড়ি মহল।

শুক্রবার সন্ধ্যাবেলা এবং শনিবার সারাদিন কাজ করার জন্যে ছাত্রছাত্রী চাই। শাড়ি বিক্রির উপর কমিশন পাবেন এবং ঘণ্টায় পাঁচ পাউন্ড বেতন পাবেন। কাজের শেষে দোকান পরিষ্কার করতে হবে এবং সব শাড়ি ভাঁজ করে গুছিয়ে রাখতে হবে। বিস্তারিত জানার জন্যে দোকানের ম্যানেজারের সাথে যোগাযোগ করুন। টেলিফোন নম্বর ৬৭৫ ৩৪৫৮।

**প্রশ্ন ১১**

সাবধান! যে কোনো রাস্তা দেখেশুনে পার হন! রাস্তা পার হওয়ার আগে

- ট্রাফিক লাইট অথবা রাস্তা পার হওয়ার জায়গায় এসে দাঁড়ান।
- ভালো করে রাস্তার ডানে-বাঁয়ে দু দিক দেখুন।
- নজরের মধ্যে কোনো গাড়ি না-এলে সাবধানে রাস্তা পার হয়ে যান।
- ট্রাফিক লাইট লাল না-হওয়া পর্যন্ত রাস্তা পার হবেন না।

**Turn over ▶**

প্রশ্ন ১২-১৪

এশিয়াকে উপভোগ করতে হলে মালেশিয়ায় আসুন! নানা রঙে রঞ্জিত এই মালেশিয়ায় এলে কতো রকমের খাবার খাওয়ার এবং নানা রঙের পোশাক পরা মানুষ দেখার অভিজ্ঞতা লাভ করতে পারবেন। এখানে এলে এশিয়ার সব রকম কালচার এবং সভ্যতার সাথে আপনার পরিচয় হবে। প্রাকৃতিক দৃশ্য, গানের ছন্দ এবং ফুলের গন্ধ সবচেয়ে বেশি উপভোগ করতে পারবেন। অতুলনীয়! সুতরাং আসুন এখানে! আমরা আপনার ক্লান্ত প্রাণকে জাগিয়ে তুলবো।

প্রশ্ন ১৫ এবং ১৬

মাহবুব: রাজিয়া, আপনার উত্তর মেরু অভিযানের কথা আমরা সবাই জানি। আজ আপনার কাছ থেকে সেই অভিযানের কথা কিছুটা শুনবো। আমরা জানি সেটা একটা অসাধারণ কাহিনী।

রাজিয়া: এই তো, দু বছর আগের কথা। আমার বয়স তখন ছাব্বিশ। আমি তখন রাশিয়াতে ছিলাম। সেখানে সাংবাদিকের কাজ করতাম। আমি আর আমার বন্ধু অ্যালেক্সি এক সাথে মস্কোতে থাকতাম। অ্যালেক্সি সেনাবাহিনীর একজন অনুবাদক। সে অনেক ভাষা জানে, বাংলাও জানে। আমি যা লিখতাম তা সে বিভিন্ন ভাষায় অনুবাদ করে আমার খুব উপকার করতো। সে এখন ভারতে আছে।

প্রশ্ন ১৭

মাহবুব: তা, আপনি উত্তর মেরুতে যাবার সুযোগ কি করে পেলেন?

রাজিয়া: হঠাৎ সুযোগ এলো, মি হোসেন! আমার ম্যাগাজিনের সম্পাদক, মানে এডিটর, হঠাৎ ফোন করলেন। তিনি বললেন, 'রাজিয়া ইন্টারন্যাশনাল স্কাইডাইভার টীমের সাথে তোমাকে উত্তর মেরুতে যেতে হবে। তোমাকে স্টোরিটা কাভার করতে হবে।' আমি কিছু বলার আগেই তিনি বললেন, 'তুমিই হলে প্রথম বাঙালি মহিলা যে উত্তর মেরুতে যাবে।' আমার মনটা গর্বে ভরে গেলো। একটু ভয়ও পেলাম। কিন্তু এডিটরকে নরম গলায় বললাম, 'যাবো।'

প্রশ্ন ১৮

আপনি কি টীমের সাথেই গেলেন?

রাজিয়া: হ্যাঁ, আমরা ফ্লাই করেছিলাম মস্কো থেকে বেইস স্টেশনে যাবো বলে। সেই বিমান যাত্রার কথা মনে হলে আমার এখনো ভয় করে।

মাহবুব: কেন?

রাজিয়া: আমরা মস্কো বিমানবন্দরে অপেক্ষা করছি এমন সময় দেখি একটা পুরোনো ইলিউশন-৭৬ বিমান গর্তে ভরা ভাঙা রানওয়েতে এসে থামলো। ওটাই আমাদের নিয়ে যাবে। আমরা বিমানে বসে আছি। মাঝেমাঝে পেট্রোলের গন্ধ পাচ্ছি। এমন সময় পাইলট ককপিট থেকে বেরিয়ে এসে বললেন, 'আপনারা সবাই পিছনের সীটে গিয়ে বসুন। আপনারা পিছনে না বসলে বিমান টেইক-অফ করতে পারবে না।' কথা শুনে সবাই খুব ভয় পেলো।

**প্রশ্ন ১৯**

মাহবুব: তারপর?

রাজিয়া: আমরা ঐ বিমানেই যাত্রা করলাম। বেইস স্টেশন খাতাঙ্গায় পৌঁছতে আমাদের এক রাত দেরি হয়েছিলো। খাতাঙ্গা হলো উত্তর মেরুর কাছে বরফে-জমা একটা ফিশিং ভিলেজ। যখন খাতাঙ্গায় পৌঁছলাম তখন চারদিক সূর্যের আলোয় ঝকমক করছে। ওখানে তখন ছ মাস দিন। সেখানেই দেখা হলো সারগেই-এর সাথে। সে ছিলো বেইস স্টেশনে রেডিও কন্ট্রোলার। তিরিশ বছর বয়স। আমাকে দেখে সে এগিয়ে এলো। দেখলাম, তার বাঁ হাতটা ফ্রস্ট বাইটে ভরা। কে যেন ছুরি দিয়ে কেটে দিয়েছে। আমাকে দেখে হাসলো, অভিবাদন করলো। তার সাইবেরিয়ার নীল চোখ আর সোনালি রঙের ঘন কোঁকড়ানো চুল দেখে মনে হচ্ছিলো সে যেন কোন রূপকথার রাজপুত্র।

মাহবুব: সার্গেই এখন কোথায় আছে?

রাজিয়া: সে এখন লন্ডনে আছে। আমার সাথেই থাকে।

## Section B Questions and answers in English

### Question 20

ফরেস্ট ফায়ার কথাটার অর্থ হলো দাবানল। প্রকৃতিতে নানা রকমের দুর্যোগ হয়। দাবানল হলো এ রকমের একটা দুর্যোগ। যেসব জায়গায় ঘন জঙ্গল আছে, সেখানে দাবানল ঘটতে পারে। এ বছর কিছু দিন আগে অ্যামেরিকা এবং অস্ট্রেলিয়ায় দাবানল ঘটেছিলো। গরম কালে সূর্যের তাপে গাছপালা শুকিয়ে যায়। আর তখন যদি ঝড় হয় অথবা খুব জোরে বাতাস বয়, তা হলে গাছে গাছে ঘষা লাগতে পারে। ঘর্ষণে তাপ সৃষ্টি হয়। এই তাপে গাছে আগুন লেগে যায়। বজ্রপাত থেকেও আগুন লাগতে পারে। সেই আগুন সারা জঙ্গলে ভয়ঙ্করভাবে ছড়িয়ে পড়ে। পশুপাখি এবং স্থানীয় মানুষের অনেক ক্ষতি হয়।

### Questions 21 and 22

অবশ্য মানুষই নিজের পরিবেশের ক্ষতি করে। অনেকে সন্দেহ করেন যে, সিডনির কাছে জঙ্গলে যে দাবানল ঘটেছিলো, তার পেছনে আছে সমাজ-বিরোধী কয়েকজন লোকের কুকর্ম। তারা ইচ্ছা করে এই আগুন লাগিয়েছে দেশের ক্ষতি করার জন্যে। অবশ্য অনেক সময়ে অসাবধান হওয়ার ফলে সিগারেটের অথবা পিকনিকের রান্নার আগুনেও দাবানল ঘটতে পারে।

কিছু দিন আগে অ্যামেরিকার একটা ন্যাশনাল পার্কে দাবানল ঘটেছিলো। তদন্ত বা ইনভেস্টিগেশান করে জানা গেছে যে, এই দাবানলের জন্যে পার্কের প্রধান কর্মচারীই দায়ী। এই কর্মচারীর স্ত্রীর এক প্রেমিক ছিলো। এই প্রেমিক পার্কের কর্মচারীর স্ত্রীকে একটা চিঠি দেয়। দুর্ভাগ্য এই যে, এই চিঠিটা পায় এই কর্মচারী। রাগে দুঃখে সে দিশা হারিয়ে ফেলে এবং চিঠিটাতে আগুন লাগিয়ে দেয়। বুঝতেই পারছো, তার পর কি ঘটলো!

### Questions 23 and 24

সবকিছুরই যেমন খারাপ দিক আছে, তেমনি ভালো দিকও আছে। ঝড়, বন্যা, বিদ্যুৎ, সাইক্লোন ও দাবানল ইত্যাদিরও ভালো দিক আছে। এ সমস্ত দুর্যোগে যেমন ধ্বংস করে, তেমন সৃষ্টিও করে। জঙ্গলের মরা পচা গাছপালা দাবানলে পুড়ে ছাই হয়ে যায়। জঙ্গল পরিষ্কার হয়ে যায়। জঙ্গলের মাটি আবার উর্বর হয়। আবার নতুন গাছপালা জন্মায়, জঙ্গলে নতুন প্রাণের সাড়া পড়ে যায়। এই ছোটো গাছপালাগুলি সূর্যের আলো ও উত্তাপ পেয়ে বড়ো হবার সুযোগ পায়। ধ্বংসের পর সৃষ্টি, আবার সৃষ্টির পর ধ্বংস – প্রকৃতির এই নিয়ম।

**END OF TEST**

**BLANK PAGE**

**BLANK PAGE**

**BLANK PAGE**

Copyright © 2004 AQA and its licensors. All rights reserved.